গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩
শের-ই- বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

# নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

## ক. প্রকল্পের বিবরণী:

| | | | |
|---|---|---|---|
| ১ | প্রকল্পের নাম | : | **অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২ (১ম সংশোধিত)** |
| ২ | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ |
| ৩ | বাস্তবায়নকারী সংস্থা | : | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |

**৪.০ প্রকল্প এলাকা:**

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| সকল বিভাগ | সকল জেলা | সকল উপজেলা (সিটি কর্পোরেশন বাদে) |

**৫. অনুমোদিত ব্যয় ও বাস্তবায়নকাল:** *(লক্ষ টাকায়)*

| | | | | | |
|---|---|---|---|---|---|
| **৫.১** | **অনুমোদিত ব্যয়** | : | **মূল** | জিওবি | প্রকল্প সাহায্য (বিশ্ব ব্যাংক) |
| | মোট | : | ৬০৭৬৪৪.০০ | ৬০৭৬৪৪.০০ | - |

| | | | | |
|---|---|---|---|---|
| **৫.২** | **বাস্তবায়নকাল** | : | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ |
| | **মূল** | : | জুলাই ২০১৫ | জুন ২০২১ |

**৬.** প্রকল্পের উদ্দেশ্যঃ

- কৃষিজ ও অকৃষিজ পণ্যের উৎপাদন বৃদ্ধি ও বাজারজাত সহজিকরণের জন্য সার্বিক গ্রামীণ যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়ন;
- প্রত্যন্ত অঞ্চলের সাথে গ্রোথ সেন্টার মার্কেট উন্নত সড়ক নেটওয়ার্ক এর সংযোগ স্থাপন এবং
- গ্রামীণ ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে স্বল্প ও দীর্ঘ মেয়াদী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৭. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

| | |
|---|---|
| ❖ মার্কেট উন্নয়ন | ৬৩ টি |
| ❖ বোট ল্যান্ডিং ঘাট | ৪০টি |
| ❖ উপজেলা সড়ক উন্নয়ন | ৪৬৪.০৯ কিমি |
| ❖ ইউনিয়ন সড়ক উন্নয়ন | ১৩৮২.০৫ কি.মি |
| ❖ উপজেলা সড়কে ব্রিজ নির্মাণ | ১০৬৩.০৫ মি. |
| ❖ অন্যান্য সড়কে অবকাঠামো নির্মাণ | ১৪৪৭১.৩৯ মি. |
| ❖ গ্রাম সড়ক উন্নয়ন | ৭৪৭৬.২৩ কি.মি |
| ❖ গ্রামীণ সড়ক রক্ষণাবেক্ষণ | ২১৩০.৮৪ কি.মি |
| ❖ গ্রামীণ সড়কে ব্রীজ/কালভার্ট রক্ষণাবেক্ষণ | ৬৩৬.২৪ মি. |

## ০৮. পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

০৮.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৮.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গিভত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

০৮.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৮.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৮.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৮.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৮.৯ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৮.১০ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথা-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৮.১১ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৮.১২ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

০৮.১৩ প্রকল্পের উদ্দেশ্য লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয় অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

০৮.১৪ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মৌশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চুড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

০৮.১৫ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন কর্মপরিকল্পা প্রণয়ন ও বাস্তবায়ন সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

০৮.১৬ ইন্টারনাল অডিট;

০৮.১৭ এক্সটারনাল অডিট;

০৮.১৮ অডিট আপত্তি আছে কিনা; থাকলে কয়টি, বিবরণ কি, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি;

০৮.১৯ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

## ০৯. ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

| ক্র. | ফার্ম ও ফার্মের পরামর্শক | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১) | পরামর্শক প্রতিষ্ঠান | - | • গবেষণা/ প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা; |
| ২) | ক) টিম লিডার- | সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক; উচ্চতর ডিগ্রি থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে | • গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা;<br>• সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ১ (এক)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করার অভিজ্ঞতা;<br>• সড়ক নির্মাণ বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে;<br>• পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর), e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা;<br>• প্রতিবেদন প্রণয়নে বিশেষ দক্ষতা; |
| | খ) মিড-লেভেল ইঞ্জিঃ | ন্যূনতম সিভিল ইঞ্জিনিয়ারিং - এ স্নাতক ডিগ্রি | • সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে;<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অভিজ্ঞতা অগ্রাধিকারপ্রাপ্ত;<br>• পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP এবং উন্নয়ন সহযোগীর গাইড লাইন অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা;<br>• কম্পিউটারে বিশেষ দক্ষতা, প্রতিবেদন প্রণয়নে দক্ষতা; |
| | গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ | ডেভেলপমেন্ট স্ট্যাডিজ/ অর্থনীতি/সমাজবিজ্ঞান/দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি | • গবেষণা/স্টাডি পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;<br>• আর্থ-সামাজিক বা সমজাতীয় কাজে ১ বছরের অভিজ্ঞতা; |
| | ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ | পরিসংখ্যান বিষয়ে নুন্যতম স্নাতকোত্তর ডিগ্রি | • ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;<br>• বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা; |

১০. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

| ক্র নং | প্রতিবেদনের নাম | দাখিলের সময় |
|---|---|---|
| ১) | ইনসেপশন রিপোর্ট | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে |
| ২) | ১ম খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে |
| ৩) | ২য় খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে |
| ৪) | ওয়ার্কশপের সুপারিশের আলোকে Draft Final Report | চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে |
| ৪) | চূড়ান্ত প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে |

**১১. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি)।